



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.০৬৬.২০২২/৫০৫৬/৫

তারিখ: ১১/১২/২০২২খ্রি.

বিষয় : কারণ দর্শানো পত্র।

সূত্র : ১। দৈনিক শিক্ষা ডটকম এর ২২/০৭/২০২২ তারিখের প্রকাশিত খবর।

২। তদন্ত কর্মকর্তা মনোনয়নের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.০৬৬.২০২২.২৩৫৭/৫; তারিখ: ২৬/০৭/২০২২খ্রি.

৩। তদন্ত কর্মকর্তা স্মারক নং- ৩৭.০২.০০০০.০০০.২৭.০০১.১৮-১১৮১; তারিখ: ১৭/০৮/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত বিষয়টি হবিগঞ্জ জেলার সদর উপজেলাধীন সদ্য এমপিওভুক্ত হাজী চেরাগ আলী কলেজের বিরুদ্ধে ২২/০৭/২০২২ তারিখে দৈনিক শিক্ষা ডট কম কর্তৃক প্রকাশিত “শিক্ষকতা গুরুর তিন বছরেই অধ্যক্ষ” শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়।


বর্ণিত বিষয়ে সূত্র (২) নং স্মারক মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তা সূত্র (৩) নং স্মারক মোতাবেক তদন্ত করে মতামত প্রেরণ করেন।

তদন্ত প্রতিবেদনের পর্যবেক্ষন নিম্নরূপ: উক্ত কলেজে ২০১৪ সালে গভর্নিংবডি ২ জনকে প্রভাষক হিসেবে নিয়োগ প্রদান করে তার মধ্যে ১ জন জনাব মোছা: কহিনুর আখতার প্রভাষক হিসেবে কর্মরত আছেন অন্যজন অন্যত্র চাকুরী নিয়ে চলে গেছেন। ২০১৯ সালে এনটিআরসির সুপারিশে, ৫ জনকে প্রভাষক হিসেবে নিয়োগ প্রদান করা হয় তার মধ্যে ২ জন শিক্ষক জনাব মহির উদ্দিন প্রভাষক (ব্যবস্থাপনা) ও জনাব তাজুল ইসলাম (ইসলামী শিক্ষা) কর্মরত আছেন অন্য ৩ জন যোগদানের পর থেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় (স্বাক্ষরশীট সংযুক্ত) কলেজ কর্তৃপক্ষ বরখাস্ত করেছে বলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও গভর্নিংবডির সদস্যবৃন্দ জানান। বর্তমানে অত্র প্রতিষ্ঠানে মোট ৩ জন শিক্ষক কর্মরত আছেন। তাদের জ্যেষ্ঠতার তালিকা নিম্নরূপ:

ক্রমিক নং	নাম ও পদবি	যোগদানের তারিখ	জন্ম তারিখ
০১	মোছা: কহিনুর আখতার, প্রভাষক	১৩/১০/২০১৪	
০২	জনাব মহির উদ্দিন, প্রভাষক- ব্যবস্থাপনা	১৪/০২/২০১৯	০৭/০১/১৯৮৬
০৩	জনাব তাজুল ইসলাম, ইসলামী শিক্ষা	১৪/০২/২০১৯	০১/০২/১৯৮৯

জ্যেষ্ঠ শিক্ষক জনাব কহিনুর আখতার অপারগতা প্রকাশ করায় ২য় জ্যেষ্ঠ শিক্ষক জনাব মহির উদ্দিনকে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করে গভর্নিংবডি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী (ক) জ্যেষ্ঠ হওয়া সত্ত্বেও জনাব মোছা: কহিনুর আখতার, (প্রভাষক), ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করায় কেন তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে তাকে এবং (খ) জনাব মহির উদ্দিন প্রভাষক (ব্যবস্থাপনা), জ্যেষ্ঠ শিক্ষক না হওয়া সত্ত্বেও অধ্যক্ষের দায়িত্ব পালন করায় কেন তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে তাকে ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭



০১। জনাব মোছা: কহিনুর আখতার, (প্রভাষক), হাজী চেরাগ আলী কলেজ, সদর হবিগঞ্জ

০২। জনাব মহির উদ্দিন প্রভাষক (ব্যবস্থাপনা), হাজী চেরাগ আলী কলেজ, সদর হবিগঞ্জ

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।

০২। সভাপতি, পরিচালনা পরিষদ, হাজী চেরাগ আলী কলেজ, সদর হবিগঞ্জ (মতামত প্রদানের অনুরোধসহ)।

০৩। অধ্যক্ষ, হাজী চেরাগ আলী কলেজ, সদর হবিগঞ্জ।

০৪। জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ (পত্রটি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানে পৌছানোর অনুরোধসহ)।

০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৬। সংরক্ষণ নথি।